দৈনিক বাংলা

তারিখ ... 06 FEB 1992 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৬ ...

12

# রাজশাহী ভার্সিটি হলে সীট দখল নিয়ে গুলি-ভাংচুর আহত ১১

নিজস্ব সংবাদদাতা ঃ রাজশাহী ২ ফেব্রুয়ারী।–জাতীয়তাবাদী ছাত্র দল দুই গ্রুপের অন্তর্কলহের জের হিসাবে গতকাল শেষ রাতে গুলিবিনিময় ও সংঘর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১১ জন ছাত্র আহত হয়। এদের মধ্যে রাজ্জাকুল ইসলাম, বাবুল

(আটের পাতায় ৫-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটি

(প্রথম পৃঃ পর)

ও সাত্তারকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুলিবিদ্ধ রাজ্জাকুল ইসলামের অবস্থা আশংকাজনক।

এই ঘটনায় ছাত্রদলের ৬ জন নেতাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের মাদার বকশ হলে সীট দখলকে কেন্দ্র করে হারুন গ্রুপের সশস্ত্র কর্মীরা হলের ৬টি কক্ষ ভাংচুর করে এবং হলে অবস্থানরত একই সংগঠনের রিজভী গ্রুপের সমর্থকদের মারধোর করে বের করে দেয় এ খবর হলে ছড়িয়ে পড়লে উভয় গ্রুপের মধ্যে বন্দুক যুদ্ধ শুরু হয়। প্রায় তিন ঘন্টা স্থায়ী এই সংঘর্ষ চলাকালে একটানা গুলি ও বোমার শব্দ শোনা যায়।

বোয়ালিয়া পুলিশ এই ঘটনার সত্যতা স্বীকার করেছে।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদলের রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার সহ-সভাপতি মতিউর রহমান মন্টু স্বাক্ষরিত এক বিবৃতিতে ৬ জন ছাত্র নেতার বহিষ্কারের কথা জানানো হয়েছে। বহিষ্কৃতরা হচ্ছে বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক বাবুল আকতার বাবুল, প্রচার সম্পাদক মেহেদী হাসান বিপ্লব, সদস্য জাকির হোসেন বাবুল ও পন্টু এবং হবিবুর রহমান হল শাখার সাধারণ সম্পাদক মাকসুদুর রহমান মাসুক ও বদি আলম।